# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৬. ৯. এক যুদ্ধে পাঁচ লক্ষ বনি-ইসরাইলের হত্যাযজ্ঞ

আধুনিক গবেষকরা অনুমান করেন যে, শলোমন খ্রিষ্টপূর্ব ৯৭১ থেকে ৯৩১ সাল পর্যন্ত ৪০ বছর রাজত্ব করেন। তাঁর মৃত্যুর পর তার পুত্র রহবিয়াম (Rehoboam/ Roboam) রাজা হন। তাঁর রাজত্ব গ্রহণের দশ মাসের মধ্যে ইহুদিদের রাজ্য দুভাগে ভাগ হয়ে যায়। এহুদা ও বিনইয়ামীন গোষ্ঠীকে নিয়ে দক্ষিণের ছোট অংশ এহুদা, যিহূদা বা যুডিয়া রাজ্য (Judah)। এ ছোট রাজ্যের রাজা থাকলেন রহবিয়াম। অবশিষ্ট দশ গোষ্ঠীকে নিয়ে উত্তরের ইসরাইল রাজ্য (Israel)। এ রাজ্য শমরীয়া (Samaria) ও আফরাহীম বা ইফ্রমিয় (Ephraim) নামেও পরিচিত। এ রাজ্যের রাজা হলেন যারবিয়াম বা ইয়ারাবিম (Jeroboam)। রহবিয়ম ১৭ বছর এবং ইয়ারাবিম ২২ বছর রাজত্ব করেন। পরবর্তী কয়েকশ বছরের বাইবেলীয় বর্ণনা ঈশ্বরের প্রিয় প্রজাদের মূর্তিপূজা, অনাচার ও পারস্পরিক যুদ্ধের বর্ণনা।

রহবিয়ামের এহুদা রাজ্যের সাথে ইয়ারাবিয়ামের ইসরাইল রাজ্যের যুদ্ধাবস্থা ছিল। তবে ঈশ্বর নিষেধ করার কারণে রহবিয়াম যুদ্ধ থেকে ফিরে আসেন (২ খান্দাননামা ১১/১-৪)। যুদ্ধের পরিবর্তে এহুদা রাজ্যের সংরক্ষণে মনোযোগ দেন এবং মাবুদের ধর্ম পরিত্যাগ করেন। (২ খান্দাননামা ১২ অধ্যায়)।

রহবিয়াম ১৭ বছর (খ্রি. পূ. ৯৩২-৯১৫) রাজত্ব করে মৃত্যুবরণ করলে তাঁর পুত্র অবিয় (Abijam/ Abiam/ Abijah/ Abia) এহুদা রাজ্যের রাজা হয়ে তিন বছর রাজত্ব করেন (খ্রি. পূ ৯১৫-৯১২)। রাজত্ব গ্রহণ করেই তিনি ক্ষমতার জন্য যুদ্ধে লিপ্ত হন। তাঁর পিতা রহবিয়ামের যুদ্ধ ঈশ্বরের অপছন্দ হওয়ায় তিনি তা নিষেধ করেছিলেন। পক্ষান্তরে অবিয় রাজার যুদ্ধ ঈশ্বরের অনুমোদন ও পছন্দ অনুসারে হওয়ার কারণে তিনি তা নিষেধ করেননি। অবিয়র এহুদা রাজ্যের সাথে ইয়ারাবিম/ যারবিয়ামের ইসরাইল রাজ্যের এক যুদ্ধে পাঁচ লক্ষ ইসরাইলী যোদ্ধা নিহত হন।

“অবিয় চার লক্ষ বাছাইকৃত যুদ্ধবীরের সঙ্গে যুদ্ধে গমন করলেন এবং ইয়ারাবিম আট লক্ষ বাছাইকৃত বলবান বীরের সঙ্গে তাঁর বিরুদ্ধে সৈন্য রচনা করলেন। ...পরে এহুদার লোকেরা রণনাদ করে উঠলো ... আল্লাহ অবিয়ের ও এহুদার সম্মুখে ইয়ারাবিম ও সমস্ত ইসরাইলকে আঘাত করলেন। তখন বনি-ইসরাইল এহুদার সম্মুখ থেকে পালিয়ে গেল এবং আল্লাহ ওদেরকে এহুদার হাতে তুলে দিলেন। আর অবিয় ও তাঁর লোকেরা মহাবিক্রমে ওদেরকে সংহার করলেন; বস্তুত ইসরাইলের পাঁচ লক্ষ মনোনীত লোক মারা পড়লো।’’ (২ খান্দাননামা ১৩/৩, ১৫-১৭, কি. মো.-১৩)

এক দিনের যুদ্ধে এক পক্ষেরই ৫ লক্ষ সৈন্যের মৃত্যু! বিশেষভাবে লক্ষণীয় পলায়নপর প্রিয় প্রজা ইসরাইলীয়দের তাদের ভাই এহুদার হাতে তুলে দিতে ঈশ্বরের আগ্রহ এবং পলায়নপর ভাইদের হত্যা করতে ঈশ্বরের প্রিয় ধার্মিক প্রজাদের তৎপরতা!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14598

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন